**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-৯৬৫ এ, তারিখ : ০৮ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ / ২৪ অক্টোবর, ২০২৪ খ্রিস্টাব্দ

***বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট এবং সুপ্রীম কোর্ট প্রাঙ্গণে অবস্থিত হোটেল/রেস্টুরেন্ট-এ তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) এবং নিষিদ্ধ পলিথিন ব্যাগের ব্যবহার বন্ধ ও প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহারের নির্দেশনা প্রসঙ্গে।***

সূত্রঃ পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের গত ১৪.১০.২০২৪ খ্রি.তারিখের ২২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২৩.৪৪২ নং ডিও।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, পরিবেশ দূষণ বর্তমান বিশ্বের সবচেয়ে অলোচিত এবং উদ্বেগের বিষয়। বায়ুদূষণ, প্লাস্টিক দূষণ, পানিদূষণসহ সার্বিকভাবে পরিবেশ দূষণ আমাদের দেশের তীব্র আকার ধারণ করেছে। বর্তমান সরকার এই দূষণ নিয়ন্ত্রণে প্রতিশ্রুতিবদ্ধ। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ সহ অন্যান্য সংশ্লিষ্ট আইন ও বিধিমালা এবং বিভিন্ন আন্তর্জাতিক আইনের আলোকে পরিবেশ দূষণ রোধ, জীববৈচিত্র্য রক্ষা এবং জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় বাংলাদেশ অঙ্গীকারবদ্ধ। এ পরিপ্রেক্ষিতে প্লাস্টিক দূষণ নিয়ন্ত্রণে সরকার বিভিন্ন উপযোগী পদক্ষেপ গ্রহণ করেছে।

২। প্লাস্টিকের ব্যাপক ব্যবহারজনিত সৃষ্ট দূষণ বিশেষতঃ সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী হতে সৃষ্ট দূষণ পরিবেশ, জীববৈচিত্র্য ও জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি হিসেবে বিরাজ করছে। এ প্রেক্ষাপটে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপের মধ্যে অন্যতম হচ্ছে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অধঃস্তন দপ্তর/সংস্থাসমূহকে সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) এর ব্যবহারে নিরুৎসাহিত করা। এ ধারাবাহিকতায় সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার ক্রমান্বয়ে বন্ধ করার (Phase out) লক্ষ্যে 'কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১' এর বিধি-৯ এর আলোকে সিঙ্গেল ইউজ প্লাস্টিক এর তালিকা প্রজ্ঞাপন আকারে ২৮ আগস্ট ২০২৪ তারিখ সরকার কর্তৃক জারি করা হয়েছে।

৩। বিদ্যমান প্রেক্ষাপটে সকল দপ্তর/সংস্থায় তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার বন্ধ করার লক্ষ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রীর পরিবর্তে নিবলিখিত বিকল্পের প্রস্তাবনা করছে, যা অত্র কোর্ট এবং অত্র কোর্টের মাধ্যমে দেশের নিব আদালতসমূহকে অবহিত করা আবশ্যকঃ

(ক) প্লাস্টিকের ফাইল,ফোল্ডারের পরিবর্তে কাগজ বা পরিবেশবান্ধব অন্যান্য সামগ্রীর তৈরি ফাইল ও ফোল্ডার ব্যবহার করা।
(খ) প্লাস্টিক ব্যাগের পরিবর্তে কটন/জুট ফেব্রিকের ব্যাগ ব্যবহার করা।
(গ) প্লাস্টিকের পানির বোতলের পরিবর্তে কাঁচের বোতল ও কাঁচের গ্লাস ব্যবহার করা।
(ঘ) প্লাস্টিকের ব্যানারের পরিবর্তে কটন ফেব্রিক, জুট ফেব্রিক বা বায়োডিগ্রেডেবল উপাদানে তৈরি ব্যানার ব্যবহার করা।
(ঙ) দাওয়াত পত্র, ভিজিটিং কার্ড ও বিভিন্ন ধরনের প্রচার পত্রে প্লাস্টিকের লেমিনেটেড পরিহার করা।
(চ) বিভিন্ন সভা/সেমিনারে সরবরাহকৃত খাবারের প্যাকেট যেন কাগজের হয়/পরিবেশ বান্ধব হয় সেটি নিশ্চিত করা।
(ছ) একবার ব্যবহার্য প্লাস্টিকের প্লেট, গ্লাস, কাপ, স্ট্র, কাটলারিসহ সকল ধরনের পণ্য পরিহার করা।
(জ) প্লাস্টিকের কলমের পরিবর্তে পেনসিল/কাগজের কলম ব্যবহার করা।
(ঝ) বার্ষিক প্রতিবেদনসহ সকল ধরনের প্রকাশনায় লেমিনেটেড মোড়ক ও প্লাস্টিকের ব্যবহার পরিহার করা।
(ঞ) ফুলের তোড়া (Flower Bouquet)-তে প্লাস্টিকের ব্যবহার বন্ধ করা।

৪। বাংলাদেশ সরকার ২০০২ সালে পলিথিন শপিং ব্যাগ ব্যবহার, উৎপাদন, বাজারজাতকরণ নিষিদ্ধ করেছে। উপরন্তু, পলিথিন ও Single Use Plastic (SUP) এর ব্যবহার ক্রমান্বয়ে হ্রাস করার লক্ষ্যে অত্র কোর্টের হাইকোর্ট বিভাগ পরিবেশ আইনের প্রয়োগ নিশ্চিত করার পাশাপাশি দেশব্যাপী বাজার তদারকি, পলিথিন উৎপাদনকারী কারখানা বন্ধ, উৎপাদন যন্ত্র বাজেয়াপ্তকরণসহ সকল হোটেল, মোটেল ও রেস্টুরেন্ট এবং কোস্টাল এলাকায় সিঙ্গেল ইউজ প্লাস্টিক বন্ধের নির্দেশনা প্রদান করেন।

৫। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় অত্র কোর্টসহ এর আওতাধীন আদালতসমূহ এবং আদালত প্রাঙ্গণে অবস্থিত হোটেল/রেস্টুরেন্ট-এ তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) এবং নিষিদ্ধ পলিথিন ব্যাগের ব্যবহার বন্ধ ও প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহারের নির্দেশনা প্রদানে অত্র কোর্টের আন্তরিক সহযোগিতা কামনা করেছে।

৬। এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এবং সুপ্রীম কোর্ট প্রাঙ্গণে অবস্থিত হোটেল/রেস্টুরেন্ট-এ তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) এবং নিষিদ্ধ পলিথিন ব্যাগের ব্যবহার বন্ধ ও উপরিবর্ণিত প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সকলকে আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো।

*স্বাক্ষরিত*
***(আজিজ আহমদ ভূঞা)***
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫
ইমেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং-১ই-২৭/২০১৭(অংশ-২)-৯১৭০(১২) এ, তারিখ : ০৮ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ / ২৪ অক্টোবর, ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪. সলিসিটর, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)
৬. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৭. অতিরিক্ত রেজিস্ট্রার/ স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)
৮. প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
৯. ডেপুটি রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)
১০. প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
১১. সহকারী রেজিস্ট্রার/রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)
১২. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১৩. জনসংযোগ কর্মকর্তা, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
১৪. হিসাব রক্ষণ কর্মকর্তা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
১৫. বেঞ্চ অফিসার/বেঞ্চ রীডার, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়ের সাথে কর্মরতদের অবগত করার অনুরোধ করা হলো)
১৬. কোর্ট অফিসার/কোর্ট কীপার/প্রটোকল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
১৭. স্ট্যাম্প রিপোর্টার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
১৮. সিনিয়র সুপারিনটেনডেন্ট/সুপারিনটেনডেন্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল) (শাখায় কর্মরতদের অবগত করার অনুরোধ করা হলো)
১৯. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল) [মাননীয় বিচারপতি মহোদয়কে অবগত করানোর অনুরোধ করা হলো]।
২০. চীফ রিপোর্টার (বার্তা ) এ,টি,এন বাংলা/ চ্যানেল আই/এন, টি, ভি ।
২১. বার্তা সম্পাদক, বাসস/এনা/দৈনিক ইত্তেফাক/দৈনিক জনকণ্ঠ/দৈনিক সংবাদ/দৈনিক ইনকিলাব/দৈনিক অবজারভার/দৈনিক যুগান্তর ।
২২. নোটিশ বোর্ড।

২৪.১০.২৪

(মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোন: ০২২২৩৩৮১৮৬৫
ইমেইল:aticklaw@gmail.com